



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৮৬৫.২৪.১২-২২৮

তারিখঃ ১২/০৩/২০১৭ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ প্রকল্পভুক্ত সমিতির ম্যানেজারদের নেতৃত্ব বিকাশ ও নারীর উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণের বাজেট বিভাজন, প্রশিক্ষণ সূচী ও প্রশিক্ষণ মডিউল প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পের সুফলভোগীদের বিভিন্ন আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রকল্পের মহিলা সমিতির ম্যানেজারদের সাংগঠনিক কর্মকাণ্ডে আরও দক্ষ হিসাবে গড়ে তোলার জন্য প্রতি উপজেলায় ১টি করে নেতৃত্ব বিকাশ ও নারীর উন্নয়ন মূলক প্রশিক্ষণের আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতিমধ্যে প্রশিক্ষণ আয়োজনের জন্য সদর দপ্তর হতে প্রকল্পভুক্ত প্রতিটি উপজেলাতেই ৩৪,৮৭৫.০০ (চৌত্রিশ হাজার আটশত পঁচাত্তর) টাকা প্রেরণ করা হয়েছে। প্রেরিত অর্থের বাজেট বিভাজন, প্রশিক্ষণ অধিবেশন সূচী, প্রশিক্ষণ মডিউল এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো। উল্লেখ্য, উক্ত প্রশিক্ষণে প্রকল্প সদর কার্যালয় ও বিআরডিবি সদর কার্যালয়ের কর্মকর্তা উপস্থিত থাকবে বিধায় সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, বিআরডিবির সঙ্গে আলোচনাক্রমে প্রশিক্ষণ আয়োজনের প্রকৃত সময় প্রকল্প সদর কার্যালয়কে অবগত করার জন্য অনুরোধ করা হলো।

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নংঃ ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
.....উপজেলা,.....জেলা।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৮৬৫.২৪.১২

তারিখঃ ১২/০৩/২০১৭ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। উপপরিচালক, বিআরডিবি-----জেলা।

(উক্ত প্রশিক্ষণ কোর্সটি পর্যায়ক্রমে আপনার আওতাধীন সকল উপজেলায় আয়োজনসহ মনিটরিং করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)

২। প্রোগামার, ইরেসপো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৩। পরিচালক (সরেজমিন/প্রশিক্ষণ), বিআরডিবি, ঢাকা।

৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। সংশ্লিষ্ট নথি।

মোঃ সিফাত আজাদ
সহকারী পরিচালক (প্রশি: ও বিপ:)
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।




বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

প্রকল্পভুক্ত মহিলা সমিতির ম্যানেজার নেতৃত্ব বিকাশ ও নারীর উন্নয়ন প্রশিক্ষণ (২ দিন ব্যাপী)

বাজেট বিভাজন

ক্র নং	বিবরণ	ব্যয় বিভাজন	পরিমাণ
০১	প্রশিক্ষার্থীর সম্মানী ভাতা	৪৫ জন X ১৫০/- X ২ দিন	১৩,৫০০.০০
০২	প্রশিক্ষার্থীর যাতায়াত ভাতা	৪৫ জন X ১০০/- X ২ দিন	৯,০০০.০০
০৩	প্রশিক্ষকের সম্মানী ভাতা	৮ X ৫০০/-	৪,০০০.০০
০৪	প্রশিক্ষণ সামগ্রী	৪৫ জন X ৫০/-	২,২৫০.০০
০৫	সহযোগী কর্মচারী ভাতা (মাঠ সংগঠক)	৩ জন X ২০০/-	৬,০০.০০
০৬	আপ্যায়ন ব্যয় (নাস্তা ২ বেলা)	৫০জন X ৪০/- X ২দিন	৪,০০০.০০
০৭	বিবিধ (ব্যানারসহ অন্যান্য ব্যয়)	প্রমাক	১,৫০০.০০
সর্বমোট =			৩৪,৮৫০.০০


প্রকৌশলী মোঃ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (IRESPPW)
বিআরডিবি, ঢাকা